



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং- এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩-৪২

তারিখঃ ২৬/১২/২০১৮

নির্বাচনকালীন জরুরি কন্ট্রোল রুম চালু করেছে জাতীয় মানবাধিকার কমিশন


আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনটি যাতে কোনরকম সহিংসতা ব্যতিরেকে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ, অংশগ্রহণমূলক ও গ্রহণযোগ্য নির্বাচন হয় সেলক্ষ্যে করণীয় নির্ধারণে আজ কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হকের সভাপতিত্বে বিশেষ কমিশন সভা অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান বলেন, “ধর্মীয় ও নৃতাত্ত্বিক গোষ্ঠী, নারী, পুরুষ, প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, দলিত, হরিজন- প্রত্যেকেরই ভোটাধিকার নিশ্চিত করার লক্ষ্যে নির্বাচনের আগেই ঝুঁকিপূর্ণ এলাকাতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মাধ্যমে নিরাপত্তা জোরদার করা প্রয়োজন। নির্বাচনকালীন সময়ে সংশ্লিষ্টদের করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করে নিম্নলিখিত সুপারিশমালা গৃহীত হয় যা ইতিমধ্যে নির্বাচন কমিশনে প্রেরণ করা হয়েছেঃ

- সকলেই যাতে নির্বাচনী আচরণবিধি মেনে চলে সেবিষয়ে নির্বাচন কমিশনকে সার্বক্ষণিক নজরদারি রাখতে হবে;
- সংবিধানের অনুচ্ছেদ ১২ (গ) এর আলোকে রাজনৈতিক উদ্দেশ্যে ধর্মের অপব্যবহার করা যাবে না- এই বিধান নিশ্চিত করতে হবে;
- ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্র নৃগোষ্ঠীদের মনোবল বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট এলাকায় আইনশৃঙ্খলা বাহিনীর সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করতে হবে;
- ধর্মীয় সংখ্যালঘু, ক্ষুদ্র নৃগোষ্ঠী, নারী, প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ, প্রান্তিক জনগোষ্ঠীসহ সবার ভোটাধিকার নিশ্চিত করতে হবে;
- “ভোটাধিকার-মানবাধিকার”- নতুন ভোটারদের ভোটাধিকার প্রয়োগে উৎসাহিত করতে হবে;
- কোন স্বার্থান্বেষী মহল যাতে নির্বাচন বানচাল করতে না পারে সেজন্য সংশ্লিষ্ট সকলকে তাদের কার্যাবলী ও আচরণে অধিকতর দায়িত্বশীলতা বজায় রাখতে হবে;
- নির্বাচনকে প্রশ্রয়িত করতে সামাজিক যোগাযোগ মাধ্যমে উস্কানিমূলক তথ্য ছড়ানো হচ্ছে কি-না সে ব্যাপারে সতর্ক থাকতে হবে;
- নির্বাচনের দায়িত্ব পালনকারী কর্মকর্তা- কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে, যাতে তারা সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে পারে”

উল্লেখ্য যে, নির্বাচনকালীন মানবাধিকার সংক্রান্ত অভিযোগ গ্রহণের জন্য জাতীয় মানবাধিকার কমিশন কন্ট্রোল রুম চালু করেছে। উক্ত কন্ট্রোল রুমের নম্বর ১৬১০৮ যা আগামী ২৯/১২/২০১৮ তারিখ থেকে ৩১/১২/২০১৮ তারিখ রাত ১০ টা পর্যন্ত টানা ০৩ দিন চালু থাকবে।

বিশেষ সভায় উপস্থিত ছিলেন সার্বক্ষণিক সদস্য মোঃ নজরুল ইসলাম; সদস্য নুরুন নাহার ওসমানী, এনামুল হক চৌধুরী, আখতার হোসেন; সচিব হিরন্ময় বাউড় এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

ধন্যবাদান্তে



ফারহানা সাদ্দিক

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন

মোবাইলঃ ০১৭৯০-৫৩৬৯৩৬